গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং ৩৭.০৪.০০০০.২০২.১১.০২৩.২২- ৪৭৭৯  তারিখঃ ২৯.০৮.১৪৩০ বঃ / ১৪.১২.২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর প্যানেল আইনজীবী নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর প্যানেল আইনজীবী নিয়োগ সংক্রান্ত এতৎসংগে সংযুক্ত বিজ্ঞপ্তিটি ৬"x ৬" কলামে ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য, বিজ্ঞাপন বিল সরকারি বিধি মোতাবেক পরিশোধ করা হবে।

(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)
মহাপরিচালক
ফোন: ৫৫১৬৭৫২৯
e-mail: info@naem.gov.bd

১। ব্যবস্থাপক (বিজ্ঞাপন)
দৈনিক কালের কণ্ঠ
প্রধান কার্যালয়, প্লট-৩৭১/এ,
ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা আ/এ,
খিলক্ষেত, ঢাকা-১২২৯

২। ব্যবস্থাপক (বিজ্ঞাপন)
দৈনিক ইনডিপেনডেন্ট
৪৪৬/এইচ, তেজগাঁও, আইএ
ঢাকা-১২১৫

নং ৩৭.০৪.০০০০.২০২.১১.০২৩.২২- ৪৭৭৯ (৫)  তারিখঃ ২৯.০৮.১৪৩০ বঃ / ১৪.১২.২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজানীয় কার্যার্থে অনুলিপি দেওয়া হলোঃ

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
(দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম-সচিব, নিরীক্ষা ও আইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ)
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা;
(দৃষ্টি আকর্ষণঃ উপ-পরিচালক, সাধারণ প্রশাসন)
৩। যুগ্মসচিব, বাংলাদেশ বার কাউন্সিল, বার কাউন্সিল ভবন, ৩ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, ঢাকা-১০০০।
৪। কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (এতৎসংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটি নায়েম-এর ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
৫। সংরক্ষণ নথি।

(সৈয়দ আহসান হাবীব)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)**
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং ৩৭.০৪.০০০০.২০২.১১.০২৩.২২- ৪৭৮০ তারিখঃ ২৭.০৮.১৪৩০ বঃ / ১৪.১২.২০২৩ খ্রিঃ

## জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা (পক্ষে/বিপক্ষে) পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা এবং সরকারি স্বার্থ রক্ষার্থে মহামান্য সুপ্রিমকোর্ট, মহামান্য হাইকোর্ট বিভাগ, এডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল এবং এডমিনিস্ট্রেটিভ আপিল ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য ০১(এক) জন প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

| | |
|---|---|
| ১ | আইনজীবীগণ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) কর্তৃক অনুমোদিত ফি/সম্মানী প্রাপ্য হবেন এবং উক্ত সম্মানী হতে বিধি মোতাবেক সরকারি কর্তন নিশ্চিত করা হবে। |
| ২ | জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর পক্ষে বা বিপক্ষে দায়েরকৃত মামলায় জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। |
| ৩ | নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে নির্দিষ্ট ছকে নির্ধারিত তারিখের মধ্যে মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) বরাবর দাখিল করতে হবে। |
| ৪ | মামলায় জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর বিপক্ষে রায় হলে জরুরিভিত্তিতে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে মহারিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) বরাবর অবহিত করতে হবে। |
| ৫ | কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে। বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগপ্রাপ্ত হলে ০৩ (তিন) টির বেশি সরকারি প্রতিষ্ঠান প্যানেল আইনজীবী হিসাবে তালিকাভুক্ত হতে পারবেন না। |
| ৬ | হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ও আপিল বিভাগে এনরোলমেন্ট থাকে হবে (প্রমাণক আবশ্যক)। |
| ৭ | আবেদনকারীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তির তারিখে ৬৫ (পঁয়ষট্টি) বছরের অধিক হতে পারবে না। |
| ৮ | ০২ বছরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে। |
| ৯ | নিয়োগপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবী দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে। |
| ১০ | কোন প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে, কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। |
| ১১ | কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

ক্রমশঃ ---পৃ/২

| নিম্নবর্ণিত চাহিদা প্রতিপালন পূর্বক আবেদন করতে হবে: | |
|---|---|
| ক | আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ইত্যাদিসহ পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত আবেদনে উল্লেখ করতে হবে। |
| খ | আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে। |
| গ | আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে। |
| ঘ | আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি থেকে আইনসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা/সনদপত্রসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। |
| ঙ | হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ও আপিল বিভাগে এনরোলমেন্ট এর প্রমাণকের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। |
| চ | আগামী ১০/০১/২০২৪ খ্রি. তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে মহাপরিচালক, নায়েম, ধানমন্ডি, ঢাকা-১২০৫ বরাবর আবেদনপত্র পৌছাতে হবে। |

(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)
মহাপরিচালক
ফোন: ৫৫১৬৭৫২৯
e-mail: info@naem.gov.bd